



রপ্তানি উন্নয়ন ব্যুরো

...

সভাপতি	এ. এইচ. এম. আহসান ভাইস-চেয়ারম্যান
সভার তারিখ	৩১ আগস্ট ২০২২ খ্রি.
সভার সময়	দুপুর ২.৩০ ঘটিকা
স্থান	ভাইস-চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো
উপস্থিতি	পরিশিষ্ট-“ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ব্যুরোর শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন, নৈতিকতা কমিটির সভা, প্রশিক্ষণ ইত্যাদি নিয়মিত আয়োজনের মাধ্যমে রপ্তানি উন্নয়ন ব্যুরোর সার্বিক কর্মকান্ড ও ব্যবস্থাপনায় শুদ্ধাচারের চর্চা করতে হবে। সভায় ব্যুরোর শুদ্ধাচার বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

এনআইএস কার্যক্রম সূচক	পর্যবেক্ষণ/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন	চলতি ২০২২-২৩ অর্থবছরে ব্যুরোর শুদ্ধাচার কর্মপরিকল্পনায় প্রতি ত্রৈমাসিকে ১টি করে মোট ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রার নির্ধারিত রয়েছে। তৎপক্ষে প্রতি ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, অক্টোবর-ডিসেম্বর, জানুয়ারি-মার্চ, এপ্রিল-জুন) ০১টি নৈতিকতা কমিটির সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	রপ্তানি উন্নয়ন ব্যুরোর নৈতিকতা কমিটির অনুরূপ সভা আঞ্চলিক অফিসসমূহ তাদের নৈতিকতা কমিটির সদস্যবৃন্দের সমন্বয়ে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করবে এবং যথাযথ প্রমানক সংরক্ষণ করবে।	আঞ্চলিক অফিসসমূহ
১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	প্রতি ত্রৈমাসিক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি ও মূল্যায়ন করার বিষয়ে সংশ্লিষ্ট আঞ্চলিক অফিসসমূহের উপর অর্পিত দায়িত্বসমূহ যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে আঞ্চলিক অফিস প্রধানগণ অনুরূপ প্রয়োজনীয় সহায়তা প্রদান নিশ্চিত করবেন।	নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং পরবর্তী সভায় তা ফলোআপ অব্যাহত রাখতে হবে।	আঞ্চলিক অফিসসমূহ
১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে চলতি অর্থবছরে মোট ২টি সভা আয়োজন করতে হবে। ১ম অংশীজনের সভা ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে এবং অপরটি জুন ২০২৩ এর মধ্যে সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ১ম অংশীজনের (Stakeholders) সভাটি অক্টোবর ২০২২ তারিখের মধ্যে আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	রপ্তানি উন্নয়ন ব্যুরোর আঞ্চলিক অফিসসমূহ সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের (Stakeholders) অংশগ্রহণের সভা নির্ধারিত সময়ে সম্পন্ন করবে।	আঞ্চলিক অফিসসমূহ

